

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
www.supremecourt.gov.bd

সার্কুলার নং-০৫/২০১৮

এ,

তারিখঃ ১৪ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ
২৮ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত অধস্তন আদালতের বিচারকদের কর্মস্থল ত্যাগ না করা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, অধস্তন আদালতসমূহে বিচারাবীন মামলার আধিক্য হ্রাস, মামলা নিষ্পত্তিতে দীর্ঘসূত্রিতা পরিহার তথা দ্রুত বিচার নিশ্চিতকরণের লক্ষ্যে দেশের বিভিন্ন আদালতে কর্মরত সকল পর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাদের সাপ্তাহিক ছুটির দিনসহ অন্যান্য কার্যদিবসে কর্মস্থলে অবস্থান করা বাঞ্ছনীয় মর্মে বিভিন্ন সময়ে অত্র কোর্ট কর্তৃক সার্কুলার জারী করে অধস্তন আদালতের বিচারকগণকে বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ না করা সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০২। উক্ত বিষয়ে সম্মতি অত্র কোর্টের গোচরীভূত হয়েছে যে, বিভিন্ন জেলার জেলা ও দায়রা জজ/জেলা জজ সমপর্যায়ের কর্মকর্তাগণ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও অতিরিক্ত জেলা ও দায়রা জজসহ অধস্তন আদালতের অনেক বিচার বিভাগীয় কর্মকর্তা বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন না করে কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ করেন। এমনকি সপ্তাহের শেষ দিনে নির্ধারিত সময়ের পূর্বেই কর্মস্থল ত্যাগ করেন এবং পরবর্তী কার্যদিবসে বিলম্ব কর্মস্থলে উপস্থিত হন। এছাড়া, অনেকে সপ্তাহের অন্যান্য কার্যদিবসেও কর্তৃপক্ষের বিনা অনুমতিতে একাধিকবার কর্মস্থল ত্যাগ করেন। ফলশ্রুতিতে, একদিকে যেমন বিচারপ্রার্থী জনগণ ন্যায্যবিচার প্রাপ্তি হতে বঞ্চিত হচ্ছেন, অপরদিকে বিচার প্রশাসনে কাজের ধারাবাহিকতা ব্যত্যয়সহ জনগণের নিকট বিচার বিভাগের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। বিচার প্রশাসনে এরূপ অবস্থা সম্পূর্ণ অপ্রত্যাশিত, অনাকাঙ্ক্ষিত ও অনভিপ্রেত।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে, অধস্তন আদালতের বিচারকদের কর্মস্থল ত্যাগ সংক্রান্ত ইতোপূর্বে অত্র কোর্টের জারীকৃত সার্কুলারসমূহের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতঃ সকল জেলার জেলা ও দায়রা জজ/জেলা জজ সমপর্যায়ের কর্মকর্তাগণ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও অতিরিক্ত জেলা ও দায়রা জজসহ বিচার বিভাগীয় কর্মকর্তাগণ যাতে নির্দিষ্ট সময়ের পূর্বে ও বিনা অনুমতিতে সপ্তাহের শেষ দিনে কর্মস্থল ত্যাগ না করেন বা অন্যান্য কার্যদিবসে কর্মস্থলের বাহিরে অবস্থান না করেন এবং সপ্তাহান্তে পরবর্তী কার্যদিবসে কর্মস্থলে যোগদানে বিলম্ব না করেন তৎমর্মে সংশ্লিষ্ট সকলকে পুনরায় নির্দেশ প্রদান করা হলো।

০৪। অধিকন্তু, অধস্তন আদালতে কর্মরত জেলা ও দায়রা জজ/জেলা জজ সমপর্যায়ের কর্মকর্তাগণ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও অতিরিক্ত জেলা ও দায়রা জজগণকে সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার জেনারেলকে অবহিতকরণ ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ না করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৫। উপরি-উক্ত নির্দেশনা অমান্য করলে তা 'অসদাচরণ' (Misconduct) হিসেবে গণ্য হবে।

০৬। এ সার্কুলার ইতোপূর্বে অত্র কোর্ট হতে জারীকৃত সার্কুলারসমূহের পরিপূরক হিসেবে গণ্য হবে। তবে পূর্বে জারীকৃত সার্কুলারের কোনো বিষয়ের সাথে এ সার্কুলারের কোনো নির্দেশাবলী অসামঞ্জস্যপূর্ণ হলে এ সার্কুলারের বিধানাবলী প্রযোজ্য হবে।

মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাঃ/-

(ড. মোঃ জাকির হোসেন)

রেজিস্ট্রার জেনারেল

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

ফোনঃ ৯৫৬২৭৮৫

E-mail: rg@supremecourt.gov.bd

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ.....(সকল)।
- ৩। মহানগর দায়রা জজ..... (সকল)।
- ৪। বিভাগীয় বিশেষ জজ (জেলা ও দায়রা জজ)..... (সকল)।
- ৫। বিচারক (জেলা ও দায়রা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল..... (সকল)।
- ৬। বিচারক (জেলা ও দায়রা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল..... (সকল)।
- ৭। বিচারক (জেলা ও দায়রা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল..... (সকল)।
- ৮। বিশেষ জজ (জেলা ও দায়রা জজ)..... (সকল)।
- ৯। বিচারক (জেলা ও দায়রা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
- ১০। সদস্য (জেলা ও দায়রা জজ), প্রশাসনিক আপীলে ট্রাইব্যুনাল/প্রশাসনিক ট্রাইব্যুনাল.....(সকল)।
- ১১। চেয়ারম্যান (জেলা ও দায়রা জজ), কোর্ট অব সেটেলমেন্ট..... (সকল)।
- ১২। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
- ১৩। বিচারক (জেলা ও দায়রা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল..... (সকল)।
- ১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল এসইসি, ঢাকা।
- ১৫। সদস্য (জেলা ও দায়রা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
- ১৬। চেয়ারম্যান (জেলা ও দায়রা জজ), শ্রম আদালত..... (সকল)।
- ১৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট..... (সকল)।
- ১৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট..... (সকল)।
- ১৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা। (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

প্রযোজ্য ক্ষেত্রে
প্রশাসনিক
নিয়ন্ত্রণে কর্মরত
সকল বিচারককে
অনুলিপি বিতরণের
প্রয়োজনীয় ব্যবস্থা
গ্রহণের
অনুরোধসহ



28.06.18

(মো'তাহিম বিল্যাহ)

সহকারী রেজিস্ট্রার (বিচার)

ফোনঃ ৯৫৬১৯৩২

ই-মেইলঃ judge.motasim@gmail.com

